

# ডেন্টাল কলেজে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আজ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, শুক্রবার, ০১ নভেম্বর ২০১৯

সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ, ইউনিট ও ইনস্টিটিউটে ব্যাচেলর অব ডেন্টাল সার্জনে (বিডিএস) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আজ। এবার সরকারি একটি ডেন্টাল কলেজ ও আটটি ডেন্টাল ইউনিটে ৫৩২টি আসনের বিপরীতে ২৫ হাজার ১১৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবেন। সে হিসাবে প্রতি আসনে লড়বেন ৪৭ জন। রাজধানী ঢাকার মোট পাঁচটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের দুটি, তেজগাঁও কলেজ, মহাখালী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি) ও ঢাকা কলেজে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। ২৫ হাজার ১১৬ জন পরীক্ষার্থীর মধ্যে রাজধানী ঢাকার পাঁচটি কেন্দ্রে ১৭ হাজার ৭৪৫ জন এবং অবশিষ্টরা রাজশাহী ও চট্টগ্রামের চারটি কেন্দ্রে অংশগ্রহণ করবেন। স্বাস্থ্য অধিদফতর জানায়, সরকারি ও বেসরকারি ডেন্টাল কলেজের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। রাজধানী ঢাকার বাইরের দুটি কেন্দ্র চট্টগ্রাম ও রাজশাহীর ট্রেজারি বেঞ্চে পরীক্ষার প্রশ্নপত্র

পাঠানো হয়েছে। ম্যাজিস্ট্রেট ও পুলিশ পাহারায় জিপিআরএস মনিটরিংয়ের মাধ্যমে কঠোর নিরাপত্তার মাধ্যমে প্রশ্নপত্র পাঠানো হয়। রাজধানীর তিনটি কেন্দ্র-ঢাকা ডেন্টাল কলেজ, শহীদ সোহরাওয়ার্দী ও মিটফোর্ড ডেন্টাল ইউনিটের প্রশ্নপত্র কাল সকালে পাঠানো হবে।

১০০ নম্বরের ১০০টি এমসিকিউ প্রশ্নের এক ঘণ্টা পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় জীববিজ্ঞানে ৩০, রসায়নবিদ্যায় ২৫, পদার্থবিদ্যায় ২০, ইংরেজিতে ১৫ এবং সাধারণ জ্ঞান বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ বিষয়ে ১০ নম্বর থাকবে। পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য দশমিক ২৫ নম্বর কাটা যাবে। পরীক্ষায় ৪০ নম্বরের কম পেলে অকৃতকার্য বলে গণ্য হবে। শুধু কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

জানা গেছে, সরকারি একটি ডেন্টাল কলেজ ও আটটি ডেন্টাল ইউনিটে আসন সংখ্যা সর্বসাকুল্যে ৫৩২টি। এছাড়া বেসরকারি পর্যায়ে ২৫টি ডেন্টাল কলেজ/ইউনিটে মোট আসন সংখ্যা এক হাজার ৩৫০টি। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রণীত জাতীয় মেধাতালিকার ভিত্তিতে প্রথমে সরকারি ও পরে বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তি করা হবে।

উল্লেখ্য, গত ২৫ সেপ্টেম্বর দুপুর ১২টা থেকে অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হয়। অনলাইনে আবেদনের শেষ দিন ছিল ১৬ অক্টোবর। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা টেলিটক সিমের

(প্রপেইড) মাধ্যমে এক হাজার টাকা জমা দিয়ে  
আবেদন করেন।